গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

**"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোহাম্মদ রেজাউল করিম
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৩ জানুয়ারি, ২০২২

সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ। পরিশিষ্ট- ক দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রামকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভার কার্যপত্র উপস্থাপন করেন। উপস্থাপিত ডিসেম্বার, ২০২১ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত আলোচনা এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি : "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখ- ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি জানতে চাওয়া হলে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান যে স্থানীয় ,সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এর মাধ্যমে এ জেলার ৯টি উপজেলায় ১০(দশ)টি প্যাকেজে ১৯(উনিশ)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীরের নির্মাণ কাজ সম্পন্ন করা হবে। তন্মধ্যে ১৪(চৌদ্দ)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি সীমানা প্রাচীরের নির্মাণ শতভাগ সম্পন্ন হয়েছে এবং শতভাগ সম্পন্ন ১১(এগার)টি ইউনিয়ন ভূমি অফিস ও ০৪(চার)টি সীমানা প্রাচীর সংশ্লিষ্ট সহকারী কমিশনার(ভূমি)গণের নিকট হস্তান্তর করা হয়েছে। ০৩(তিন)টি ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তরের প্রক্রিয়াধীন। তিনি উপজেলাভিত্তিক চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের তথ্য নিম্নোক্তভাবে উপস্থাপন করেন :

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজারহাট | বিদ্যানন্দ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/- | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা, লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ১০০% |
| | | চাকিরপশার ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| | | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | | | | ৯০% |

চলমান পাতা-২

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ৩ | রৌমারী | রৌমারী সদর ইউনিয়ন ভূমি অফিস | ১,১২,৭৫,৫৫০/- | মোঃনুরুজ্জামান কাঁঠালবাড়ী, কুড়িগ্রাম। | ০৯/০৩/২০২০ | ৮৫% |
| | | যাদুর চর ইউনিয়ন ভূমি অফিস | | | | ১০০% |
| ৪ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | ৫৪,৫২,০০০/- | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ, হরিকেশ, কুড়িগ্রাম । | ১৬/১০/২০২০ | ৯৫% |
| ৫ | চর-রাজিবপুর | মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস | ৬৯,৭০,০০০/- | মেসার্স সাউদি ট্রেডিং লালমনিরহাট। | ২৮/১১/২০২০ | ৪০% |
| | | চর-রাজিবপুর ইউনিয়ন ভূমি অফিস | ৬৮,৫৫,০০০/- | মেসার্স সমাপ্তি ট্রেডার্স চিলমারী, কুড়িগ্রাম । | ২৮/১১/২০২০ | ৩০% |

ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, রাজারহাট উপজেলায় ০২টি এবং রৌমারী উপজেলায় ০১(এক)টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হলেও হস্তান্তর করা হয়নি। শতভাগ সম্পন্ন হওয়া ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তর করার পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে অনুরোধ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট জানান যে, উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের সম্মুখ ভাগে ভরাটকৃত মাটি আটকানোর জন্য গাইড ওয়াল নির্মাণের ব্যয় প্রাক্কলন প্রকল্প পরিচালকের কার্যালয়, ঢাকা হতে অনুমোদন পাওয়া গেছে এবং কাজ চলমান আছে। গাইড ওয়াল নির্মাণসহ অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে অনুরোধ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার চর-রাজিবপুর জানান যে, চর-রাজিবপুর ও মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস ০২টির নির্মাণ কাজ চলমান আছে। নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে অনুরোধ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর জানান যে, ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের সীমানা প্রাচীর নির্মাণ ও ফিনিসিং এর কাজ চলছে। নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম-কে অনুরোধ করা হয়।

নির্মাণাধীন ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুণগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয় ।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর/ রাজারহাট/রৌমারী/চর-রাজিবপুর,কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি), কুড়িগ্রাম সদর/ রাজারহাট/রৌমারী/ চর-রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ২। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ চলমান আছে সেগুলির নির্মাণ কাজ গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর/ রাজারহাট/রৌমারী/চর-রাজিবপুর, কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার(ভূমি), কুড়িগ্রাম সদর/ রাজারহাট/রৌমারী/ চর-রাজিবপুর, কুড়িগ্রাম।<br>৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৩

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ৩। রাজারহাট উপজেলাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের সামনের গাইড ওয়াল নির্মাণ কাজসহ অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট।<br>২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৪। চর-রাজিবপুর উপজেলার মোহনগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম। |
| ৫। যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন হয়েছে সেগুলি সরেজমিনে পরিদর্শন করে হস্তান্তর গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, ও রৌমারী, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার(ভূমি), রাজারহাট, ও রৌমারী, কুড়িগ্রাম। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮- ১৪৪(২৫)

তারিখ : ৩০ মাঘ, ১৪২৮ / ১৩ ফেব্রুয়ারি, ২০২২

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।
৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ,(সকল) ................................ ,কুড়িগ্রাম।
৫। সহকারী কমিশনার ,(সকল)................................ ,(ভূমি)কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। সহকারী কমিশনার, আইসিটি জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। (ওয়েব প্রোটালে প্রকাশেন অনুরোধসহ)।
৮। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম (অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি ।

১৩/০২/২২
(মোঃ গোলাম ফেরদৌস )
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কুড়িগ্রাম।
ফোনঃ ০২৫৮৯৯-৫০১১৪(অফিস)